

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তালাক ও শোক পালনের ইদ্দত কখন থেকে শুরু হবে? খবর জানার পর থেকে, নাকি তালাক ও মরনের দিন থেকে?

তালাক ও শোক পালনের ইদ্দত খবর জানার পর থেকে নয়, বরং তালাক ও মরনের দিন থেকে গণ্য হবে। সুতরাং যদি কোন মহিলা তিন মাসিকের পর খবর পায় যে, তার স্বামী তাকে তালাক দিয়েছে, তাহলে নতুন করে সে আর ইদ্দত পালন করবে না। অনুরূপ যদি কোন মহিলা ৪ মাস ১০ দিন পর জানতে পারে যে, তার স্বামী মারা গেছে, তাহলে তাকে আর ইদ্দত পালন করতে হবে না।

প্রকাশ থাকে যে, তালাকের ইদ্দত অন্য মহিলাদের জন্য ভিন্ন রকম।

"তোমাদের যেসব স্ত্রীদের মাসিক হবার আশা নেই, তাদের ইন্দত সম্পর্কে তোমরা সন্দেহ করলে তাদের ইন্দতকাল হবে তিন মাস এবং যাঁদের এখনো মাসিক হয়নি তাঁদেরও। আর গর্ভবতী নারীদের ইন্দতকাল সন্তান প্রসব করা পর্যন্ত।" (ত্বালাকঃ ৪)

যেমন শোকপালনের ইদ্দতও গর্ভকাল পর্যন্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=484

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন